মেহেরপুরে সাংবাদিকদের সাথে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সঙ্গে জেলার কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভা আজ বুধবার দুপুর সাড়ে ৩টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মেহেরপুর যেমন আপনাদের, তেমন আমারও। শিক্ষা, চিকিৎসা, কৃষি এবং অনলাইন জুয়ার বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।

সাংবাদিকরা অনলাইন জুয়া, কৃষিক্ষেত্রে দুর্নীতি, শহরের ভেতর ট্রাক চলাচল, বাল্যবিবাহ, তথ্য প্রাপ্তিতে অসুবিধা, সরকারি হাসপাতাল ও সিভিল সার্জন অফিসের দুর্নীতি, ক্লিনিক ও ল্যাবের স্বেচ্ছাচারিতা, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানের অবনতি এবং সার নিয়ে অনিয়মের বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি আরো বলেন, তিনি বলেন, আমি জানি না কতদিন এখানে থাকব, কিন্তু আমি চাই মেহেরপুরের উন্নয়নে সবাই মিলে একসাথে কাজ করতে।

জেলা প্রশাসক জানান, শিক্ষার হার বাড়াতে আগামী তিন থেকে ছয় মাসের মধ্যে মেহেরপুরের শতভাগ মানুষকে অন্তত স্বাক্ষরজ্ঞান সম্পন্ন করার লক্ষ্য নেওয়া হয়েছে। সরকারি হাসপাতালের অনিয়ম রোধে পদক্ষেপ নেওয়া হবে, শহরে দিনের বেলায় ট্রাক চলাচল নিয়ন্ত্রণ করা হবে, কৃষিক্ষেত্রে সার অতিরিক্ত দামে বিক্রি বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং ডিসি ইকোপার্ক, শিল্পকলা একাডেমি ও ক্রীড়া সংস্থার উন্নয়নে কার্যক্রম শুরু হবে।

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি

তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক,দৈনিক কাল বেলার জেলা প্রতিনিধি রাফি, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, এখন টিভির জেলা প্রতিনিধি মুজাহিদ, বিএসএস এস জেলা প্রতিনিধি দিলরুবা প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ জেলা প্রশাসকের কাছে আশা’র কম্বল হস্তান্তর

ঝিনাইদহে সুবিধাবঞ্চিত শীতার্তদের মাঝে কম্বল বিতরণের লক্ষ্যে জেলা প্রশাসকের কাছে ৫০০ শত শীতবস্ত্র হস্তান্তর করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা আশা।

আজ মঙ্গলবার (২৬ নভেম্বর) সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কম্বল হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে কম্বল গ্রহণ করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, আশা’র সিনিয়র এডিশনাল ডিভিশনাল ম্যানেজার রফিকুল ইসলাম, জেলার সিনিয়র ডিস্ট্রিক্ট ম্যানেজার হাফিজুর রহমান, আরএম কাজী ফজলুল হকসহ অন্যান্যরা।

সেসময় আশা’র কর্মকর্তারা বলেন, বিশ্বের সর্ববৃহৎ আত্বনির্ভরশীল ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠান আশার নিজস্ব অর্থায়নে প্রতি বছরের ন্যায় এবারও ৫’শতাধীক শীতবস্ত্র বিতরণ করেছে। আগামীতে এ কার্যক্রম অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপারের আলমডাঙ্গার বিভিন্ন দুর্গা মন্দির পরিদর্শন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মাদ জহিরুল ইসলাম ও পুলিশ সুপার খন্দকার গোলাম মাওলা বিপিএম (সেবা) আলমডাঙ্গার শ্রী শ্রী রথতলা দুূর্গা মন্দিরসহ বিভিন্ন পূজা মন্ডব পরিদর্শন করেন।

পূজা মন্ডব পরিদর্শনকালে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ, এখানে সকলে মিলে যার যার ধর্ম সেই সেই পালন করবে, এখানে কেউ যদি সম্প্রীতি নষ্ট করতে চাই আমরা কঠোর হস্তে তা দমন করবো ।

পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বলেন, আলমডাঙ্গা উপজেলায় ৩২ টি পুজা মন্ডপে দুর্গা পুজা হচ্ছে, প্রতিটি মন্দিরে পুলিশ আনছার ভিডিপির সদস্য বৃন্দ মন্দিরের শান্তি শৃঙ্খলা রক্ষায় কাজ করছে, আপনারা শান্তিপুর্ণ ভাবে ধর্মীয় উৎসব পালন করবেন, কোন সমস্যা দেখলে আমাদেরকে ফোন করে জানাবেন, আমরা তাৎক্ষণিক ব্যাবস্থা নেবো।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম, জেলা সমাজ সেবা কর্মকর্তা আবু তালেব, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ শেখ গনি মিয়া ও পরিদর্শক অপারেশন আসগর আলী।

কর্মকর্তাবৃন্দ রথতলা মন্দির প্রাঙ্গণে পরিদর্শনে আসলে মন্দির কমিটির সভাপতি বিদ্যুৎ কুমার সাহা, সম্পাদক আশিম কুমার সাহা তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান। পরে তারা মন্দির প্রতিমা পরিদর্শন করেন।

এ ছাড়াও কর্মকর্তাবৃন্দ আলমডাঙ্গা স্টেশন পাড়া মন্দির, বাবুপাড়া দুর্গা মন্দিরে বেশ কিছু সময় কাটান এবং মন্দিরের সার্বিক পরিস্থিতির খোঁজ খবর নেন। জেলা প্রশাসন পরে ক্যানেল পাড়া মন্দির

ও কালিদাসপুর দুর্গা মন্দির পরিদর্শন করেছেন।এর আগে জেলা আনছার ভিডিপির কমান্ডান্ড ফারুক হোসেন, উপজেলা আনছার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম মন্দির পরিদর্শন করেন।

কোটচাঁদপুরে মতবিনিময় সভায় জেলা প্রশাসক

সরকারি কর্মকর্তা হয়ে সাধারণ মানুষেকে হয়রানি করা যাবে না। যেকোনো কাজ সময় মত করতে হবে। সেবাগ্রহীতার সাথে কথা বলে পাঁচ দিনের সময় নিয়ে তিনদিনে সম্পন্ন করে সাধারণ মানুষের গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে। মাদক মুক্ত দেশ গড়তে হবে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স। মাদক ব্যবসায়ীদের কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী বা সেবন কারী সে যেই হোক তাকে আইনের আওতায় আনা হবে। মাদক মুক্ত দেশ গড়তে আবার বদ্ধ পরিকর। মাদক মুক্ত সমাজ গঠনে সবাই কে ভুমিকা রাখতে হবে।

উপজেলা ভুমি অফিস ও মডেল থানা পরিদর্শন শেষে কোটচাঁদপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে সরকারি কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে আইন শৃঙ্খলা পরিস্থিতি বাল্যবিবাহ, ডেঙ্গু, মাদক, জঙ্গি, মানসম্মত শিক্ষা, উন্নয়নমূলক কর্মকান্ড, জনসেবা, সন্ত্রাস, দুর্নীতি বিরোধী কর্মকাণ্ড নিশ্চিতকরণ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল।

আজ রবিবার (২৯ শে সেপ্টেম্বর) দুপুরে কোটচাঁদপুর উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে।

এ সময় বক্তব্য রাখার সাবেক পৌর মেয়রও পৌর বিএনপি সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জামায়াতে ইসলামী নেতা মোয়াবিয়া হোসেন, কামিল মাদ্রাসার অধ্যক্ষ বাহারুল ইসলাম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক শহিদুল

ভুইয়া,পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুল মাওয়া, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ডু, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, কৃষি অফিসার রাজিবুল কবির, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, যুব উন্নয়ন কর্মকর্তা সামসুল আলম, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা প্রমুখ।

এ ছাড়াও শিক্ষক, ইমাম, সাংবাদিক, আনসার বাহিনী সদস্য, ফায়ার সার্ভিসের কর্মকর্তা, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী সহ নানা শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

জীবননগর ভূমি অফিস পরিদর্শনে জেলা প্রশাসক জহিরুল ইসলাম

জীবননগর উপজেলা নির্বাহী অফিসারের কাযলয় ও উপজেলা ভূমি অফিস পরিদর্শন শেষে সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সাথে মতবিনয় করলেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

গতকাল সোমবার বিকাল ৩টার সময় জীবননগর উপজেলা ভৃমি অফিস পরিদর্শন শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার নারায়ণ চন্দ্র পালের সভাপতিত্বে মতবিনয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

এ সময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা বোন বিভাগের কমকতা কাজল আহম্মেদ, উপজেলা ত্রান কমকতা মিজানুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা থানা ও তফসিল অফিস পরিদর্শনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা মডেল থানা ও সদর ইউনিয়ন তফসিল (ভূমি) অফিস বাৎসরিক পরিদর্শন করেছেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এসময় সাথে ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। আজ বুধবার বিভিন্ন সময় তিনি সরজমিনে পরিদর্শন করেন।

দামুড়হুদা মডেল থানা পরিদর্শন কালে প্রথমেই জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা কে ফুলের শুভেচ্ছা প্রদান করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর। মডেল থানা পরিদর্শন কালে থানার সকল পুলিশ সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং সার্বিক বিষয়ে খোঁজ খবর নেন তিনি।

এ সময় জেলা প্রশাসককে দামুড়হুদা মডেল থানার পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। মডেল থানা পরিদর্শন শেষে তিনি বলেন, জেলার আইন শৃঙ্খলা সমুন্নতি রাখতে জেলা প্রশাসন বদ্ধ পরিকর। দামুড়হুদা মডেল থানা এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় তিনি সন্তোষ প্রকাশ করেন। থানায় এসে যেনো কোন সেবা গ্রহীতা বিড়ম্বনা ও প্রতারণার স্বীকার না হয় সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। পুলিশ ও জনগণের সম্পর্কের দূরত্ব কমিয়ে আনতে হবে। জনগণ ও পুলিশের সম্পর্ক ভালো থাকলে এলাকার সার্বিক পরিস্থিতি ভালো থাকে।

এসময় তিনি আরও বলেন ভূমি অফিসে এসে যেনো কোন সাধারণ সেবা গ্রাহকেরা যাতে সঠিক সময়ে ও সঠিক ভাবে কার্জ সম্পাদনা হয় সেদিকে লক্ষ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

থানা পরিদর্শন শেষে জেলা প্রশাসক দামুড়হুদা সদর তফসিল (ভূমি) অফিসে সেবা গ্রহীতাদের জন্য নির্মিত অপেক্ষাগার ছায়াবিথী’র শুভ উদ্বোধন করেন।

ঝিনাইদহ জেলা প্রশাসকের প্রেস ব্রিফিং অনুষ্ঠিত

ঝিনাইদহে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত সাংবাদিকদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ৫ম পর্যায়ে (২য় ধাপে) জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন উপলক্ষে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রেস বিফিং করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী। সে সময় ঝিনাইদহ প্রেস ক্লাবের সাংবাদিকদবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেসব্রিফিং জেলা প্রশাসক বলেন আগামী ১১ জুন মঙ্গলবার সকালে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঝিনাইদহ জেলার শৈলকুপা, কোটচাদপুর ও মহেশপুর উপজেলার ৯০টি পরিবারের মাঝে তাদের জমির দলিল ◌্এবং ঘর বুঝে দেবেন।

দামুড়হুদা হাউলীতে ভিজিএফ’র চাউল বিতরণ পরিদর্শনে জেলা প্রশাসক

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদ সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ১০ কেজি করে ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করলেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করেন। এসময় তিনি উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন করা হয়। এসব চাউল সঠিক ও সুষ্ঠভাবে বিতরণ হচ্ছে কিনা তা নিজে সরজমিনে পরিদর্শন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডা. কিসিঞ্জার চাকমা। চাউল বিতরণ কার্যক্রম পরিদর্শনে তিনি সন্তোষ প্রকাশ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

স্মার্ট প্রযুক্তির মাধ্যমেই বাংলাদেশকে উন্নয়নশীল রাষ্ট্রে পরিনত করতে হবে-জেলা প্রশাসক

ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বলেছেন, স্মার্ট বাংলাদেশ গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস ভাবে কাজ করে চলেছেন। তাই, স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমেই বাংলাদেশকে একটি উন্নয়নশীল রাষ্ট্রে পরিনত করা সম্ভব। এজন্য সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক ও গণমাধ্যমকর্মী সহ সমাজের

সবাইকে এগিয়ে আসতে হবে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) দুপুর ১ টায় ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা পরিষদের সভাকক্ষে আইনশৃংখলা, যৌতুক, বাল্যবিবাহ, আত্মহত্যা, শিক্ষা ও দূর্নীতি বিরোধী সভায় জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা, শিক্ষক, গণমাধ্যমকর্মী ও স্থানীয় সুধীজনদের সাথে মতবিনিময়ে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু।

মতবিনিময় সভায় জেলা প্রশাসক আরো বলেন, গত ৭ জানুয়ারি অবাধ, সুষ্টভাবে জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন করায় মাননীয় প্রধানমন্ত্রী এ জেলার সকল সরকারী কর্মকর্তা, জনপ্রতিনিধি সহ আইনশৃংখলা বাহিনীর সদস্যদের অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীর বার্তাটি তিনি সকল দপ্তরেই পাঠিয়েছেন। তিনি আরো বলেন, নির্বাচনকালীন সময়ে ঝিনাইদহ-৪ কালীগঞ্জ আসনের এক স্বতন্ত্র প্রার্থী বিভিন্ন ভূয়া অভিযোগ করেছিল। সেই সময়ে অভিযোগটি নিয়ে জেলা প্রশাসন দুই জন ম্যাজিষ্টেট দিয়ে তদন্ত করিয়েছিলেন। কিন্তু তার অভিযোগটি ভূয়া প্রমানিত হওয়ায় ওই সময়ে প্রার্থীর বিরুদ্ধে আদালতে একটি মামলা করা হয়েছিল। সেটি এখনো চলমান এবং শাস্তির আওতায় আসবে। সর্বশেষ তিনি এ আসনে শান্তিপুর্ণ নির্বাচন সম্পন্ন করার জন্য সকলকে ধন্যবাদ জানান।

কালীগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে এ মতবিনিময়ে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হাবিবুল্লাহ হাবিব, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন ও সকল ইউপি চেয়ারম্যান, সাংবাদিক, মুক্তিযোদ্ধা প্রতিনিধি. শিক্ষা প্রতিষ্টানের প্রধান ও উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্তা সহ স্থানীয় সুধীজনেরা উপস্থিত ছিলেন।